



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

নথি নং-বিঅ-৬/৩৭১৭/৩৭.১১.৮০৮১.৫০১.০১.৬.২০.৮১৭৫

তারিখ: ১০-০২-২০২২

বিষয়: অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৯-০১-২০২২ তারিখের আবেদন (আইডি- (১২৫৩৪)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন কে, ডি সাহাপাড়া মাধ্যমিক বিদ্যালয় এর নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনে অনিয়ম ও নব নির্বাচিত সভাপতি বাতিলের বিরুদ্ধে জনাব মোঃ রেজাউল সরদার একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে উল্লেখ করেন যে, উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য, শিক্ষক প্রতিনিধি নির্বাচন গত ২৬-১২-২০২১ খ্রি, তারিখে অনুষ্ঠিত হয়। পরবর্তীতে নির্বাচিত সদস্যদের উপস্থিতিতে ভোটের মাধ্যমে সভাপতি নির্বাচনের কথা থাকলেও প্রিজাইডিং অফিসার সে নিয়মে র তোয়াক্তা না করে গোপনে প্রধান শিক্ষকের সহিত যোগসাজশে বিধি বহির্ভূতভাবে সভাপতি প্রার্থীদের বাইরে তৃতীয় কোন ব্যাক্তিকে সভাপতি নির্বাচিত করেন যাহা উক্ত নির্বাচিত অভিভাবক সদস্য ও শিক্ষক প্রতিনিধি সদস্যদের কেউ অবগত নন। প্রধান শিক্ষক ও প্রিজাইডিং অফিসার সুকৌশলে সকল সদস্যদের ফাঁকা রেজুলেশনে স্বাক্ষর করিয়ে নেন। পরবর্তীতে তাদের ইচ্ছামত গত ০২/০১/২০২২ খ্রি তারিখ দেখিয়ে সভাপতি নির্বাচন করে রেজুলেশন প্রস্তুত করেন এবং বোর্ডে অনুমোদনের জন্য আনুমানিক ২০-০১-২০২২ খ্রি, তারিখে দাখিল করেন। নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি আরও দুটি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

১০-০২-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহমদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০৪২১-৬৮৬৩০৮

টপজেলা নির্বাচী অফিসার
পাইকগাছা, খুলনা।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৩৭১৭/৩৭.১১.৮০৮১.৫০১.০১.৬.২০.৮১৭৫ (৫)

তারিখ: ১০-০২-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা শিক্ষা অফিসার, খুলনা।

২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার ক্ষমতার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার ক্ষমতা।

৩। প্রধান শিক্ষক, কে, ডি সাহাপাড়া মাধ্যমিক বিদ্যালয়, দেবদুয়ার, পাইকগাছা, খুলনা।

৪। অভিযোগকারী, জনাব মোঃ রেজাউল সরদার (০১৭১৭-২৪৮৩৯৭), পাইকগাছা, খুলনা।

৫। অফিস নথি।

১০-০২-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

২৯ জানুয়ারি, ২০২২

বরাবর,
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,
ঘোর।

বিষয়ঃ কে.ডি সাহাপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনে অনিয়ম ও নব নির্বাচিত সভাপতি
বাতিল প্রসঙ্গে।

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শ পূর্বক নিবেদন এই যে, খুলনা জেলাধীন পাইকগাছা উপজেলার চাঁদখালী ইউনিয়নের দেবদুয়ার থামে
অবস্থিত কে.ডি সাহাপাড়া মাধ্যমিক বিদ্যালয়টি একটি স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান। উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত ম্যানেজিং
কমিটির অভিভাবক সদস্য, শিক্ষক প্রতিনিধি নির্বাচন গত ২৬/১২/২০২১ ইং তারিখ অনুষ্ঠিত হয়। পরবর্তীতে নির্বাচিত
সদস্যদের উপস্থিতিতে ভেটের মাধ্যমে সভাপতি নির্বাচনের কথা থাকলেও প্রিসাইডিং অফিসার সে নিয়মের তোয়াক্তা না করে
গোপনে প্রধান শিক্ষকের সহিত যোগসাজশে বিধি বহিভূতভাবে সভাপতি প্রার্থীদের বাইরে তৃতীয় কোন ব্যক্তিকে সভাপতি
নির্বাচিত করেন যাহা উক্ত নির্বাচিত অভিভাবক সদস্য ও শিক্ষক প্রতিনিধি সদস্যদের কেউ অবগত নন। প্রধান শিক্ষক ও
প্রিসাইডিং অফিসার সুকোশলে সকল সদস্যদের ফাঁকা রেজুলেশনে স্বাক্ষর করিয়ে নেন এবং পরবর্তীতে তাদের ইচ্ছামতো গত
০২/০১/২০২২ ইং তারিখ দেখিয়ে সভাপতি নির্বাচন করে রেজুলেশন প্রস্তুত করেন এবং অনুমোদনের জন্য আনুমানিক গত
২০/০১/২০২২ ইং তারিখ বোর্ডে প্রেরণ করেন। যদিও সভাপতি নির্বাচনের দিন হতে পরবর্তী ০৩ (তিনি) কর্মদিবসের মধ্যে
তাহা অনুমোদনের জন্য বোর্ডে প্রেরণের নিয়ম থাকলেও তত্ত্বকর্তার কারণে সভাপতি নির্বাচনের ১৮ (আঠার) দিন পর তাহা
অন্যান্য সকল সদস্যগণ জানিতে পারেন এবং বিশ্বিত হন। খোজ নিয়ে জানা যায় যে, নবগঠিত কমিটির সভাপতি এই প্রতিষ্ঠান
স্বাক্ষরসহ অন্যান্য অনিয়মের বিষয়গুলো আমি নিজে বোর্ড উপস্থিত হয়ে বোর্ড চেয়ারম্যান এবং বিদ্যালয় পরিদর্শক ও স্থানীয়
উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়কে মৌখিক ও লিখিত আবেদনের মাধ্যমে অবগত করি যাহার প্রমাণাদি অত্র আবেদনের
সহিত সংযুক্ত করিলাম। এমতবস্থায় আমি উক্ত কমিটির সভাপতি নির্বাচনের বিরচন্দে অভিযোগ দাখিল করছি এবং সঠিক তদন্ত
ব্যতিরেকে এই কমিটি অনুমোদন না দেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

অতএব জনাব সমীপে আবেদন যাহাতে কে.ডি সাহাপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের নবগঠিত ম্যানেজিং কমিটি সঠিক তদন্ত ছাড়া
অনুমোদন না হয় তার বিহীত ব্যবস্থা গ্রহণে আপনার মর্জি হয়।

বিমোচিত নিবেদক-

২৬/৩/২৩ সপ্ত
২০/০১/২০২২ ইং

মোঃ রেজাউল সরদার
নির্বাচিত সকল সদস্যদের পক্ষে।